

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর লিস্টিং অপারেশন এবং মূল শুমারির গণনা কার্যক্রমে 'তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার' পদে নিয়োগের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র মোহনপুর উপজেলায় বসবাসকারী বেকার যুবক/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে স্বহস্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা |
|---------|--------------------------|--|
| ০১) | সুপারভাইজার | ১) ন্যূনতম স্নাতক/সমমান পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে এবং স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৪) ০১/০১/২০২০ তারিখে বয়স ২৩-৪০ বৎসরের মধ্যে হতে হবে। ৫) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৬) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। |
| ০২) | খানা তালিকাকারী/গণনাকারী | ১) ন্যূনতম এইচএসসি/সমমান পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে এবং স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৪) ০১/০১/২০২০ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে। ৫) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৬) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। |

শর্তাবলী:

- উপজেলা পরিসংখ্যান কার্যালয়, মোহনপুর, রাজশাহী এর ওয়েবসাইট (bbs.mohonpur.rajshahi.gov.bd) অথবা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মোহনপুর, রাজশাহী এর ওয়েবসাইট (mohonpur.rajshahi.gov.bd) অথবা সকল ইউনিয়ন পরিষদ থেকে আবেদনের নির্ধারিত ফরম ও প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহপূর্বক স্বহস্তে পূরণ করতে হবে।
- আবেদন ফরম ও প্রবেশপত্র যথাযথভাবে পূরণ করে নির্ধারিত স্থানে ০২(দুই) কপি PP সাইজের ছবি আঠা দিয়ে লাগিয়ে A4 সাইজের খামে ভরে খামের মুখ বন্ধ করে খামের উপর ডান পার্শ্বে পদের নাম উল্লেখপূর্বক আগামী ২০/০১/২০২০খি: তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান কার্যালয়, মোহনপুর, রাজশাহীতে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে গৌঁছাতে হবে এবং আবেদনপত্র জমা দেওয়ার দিন অত্র অফিস কর্তৃক স্বাক্ষরিত প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।
- নির্বাচনী পরীক্ষার স্থান ও তারিখ উপজেলা পরিসংখ্যান অফিসের ওয়েবসাইট (bbs.mohonpur.rajshahi.gov.bd) এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে এবং মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি ও স্মার্টফোন প্রদর্শন করতে হবে।
- লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০ মাসে) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০ (দশ) দিনে মোট ৪০০ (কম/বেশী) খানার তালিকা করবেন, মূল শুমারিতে (২-৮ জানুয়ারি-২০২১) প্রতি গণনাকারী ০৭(সাত) দিনে মোট ১২০ (কম/বেশী) খানার তথ্য সংগ্রহ করতে হবে।
- লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।
- নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- লিস্টিং অপারেশনে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজারগণের কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান হলে তারা মূল শুমারিতেও যথাক্রমে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।
- লিস্টিং অপারেশন/শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেকে অন্য কোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।
- ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটিমাত্র পদে আবেদন করতে পারবেন।
- প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রয়োজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- শুধুমাত্র লিস্টিং অপারেশনের জন্য প্রার্থীদের চূড়ান্ত তালিকা উপজেলা নির্বাহী অফিস, মোহনপুর, রাজশাহী এর ওয়েবসাইটে (mohonpur.rajshahi.gov.bd) এবং উপজেলা পরিসংখ্যান অফিস, মোহনপুর, রাজশাহী এর ওয়েবসাইটে (bbs.mohonpur.rajshahi.gov.bd) প্রকাশ করা হবে। এছাড়াও মূল শুমারির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা উভয় ওয়েবসাইটেও যথাসময়ে প্রকাশ করা হবে।
- নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল হয়ে যাবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/-

০৭/০১/২০২০

(মোঃ সানওয়ার হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
মোহনপুর, রাজশাহী।

ও

সভাপতি

"জনশুমারি ও গৃহগণনা-২০২১" প্রকল্পের শুমারি কর্মী নিয়োগ কমিটি

